



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ১১৪৪/ক/অনুঃ/২০২৩/১৫১

তারিখ: ২৫-০৪-২০২৪ খ্রি.

বিষয়: “রুস্তম আলী চৌধুরী স্কুল এন্ড কলেজ”- এ উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রসঙ্গে।

সূত্র: মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা- এর ১৪-০৩-২০২৪ তারিখের মঞ্জুরী কমিটির ৫ম সভার ১৮নং সিদ্ধান্ত এবং ২৩০তম বোর্ড সভার অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, গোপালগঞ্জ জেলার সদর উপজেলাধীন “রুস্তম আলী চৌধুরী স্কুল এন্ড কলেজ”- এ ২০২৪-২৫ শিক্ষাবর্ষ হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ একাদশ শ্রেণির পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো। এ অনুমতি কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

আবশ্যিক বিষয়সমূহ:	১) বাংলা; ২) ইংরেজি; ৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
বিজ্ঞান শাখার বিষয়সমূহ:	১) পদার্থ বিজ্ঞান; ২) রসায়ন বিজ্ঞান; ৩) জীববিজ্ঞান; ৪) উচ্চতর গণিত; ৫) কৃষি শিক্ষা
মানবিক শাখার বিষয়সমূহ:	১) অর্থনীতি; ২) পৌরনীতি ও সুশাসন; ৩) যুক্তিবিদ্যা; ৪) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি; ৫) ইসলাম শিক্ষা; ৬) সমাজকর্ম
ব্যবসায় শিক্ষা শাখার বিষয়সমূহ:	১) হিসাব বিজ্ঞান; ২) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা; ৩) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন; ৪) ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা

শর্তসমূহ:

- এ অনুমতিপত্রের মেয়াদ ০৩ (তিন) বছর কার্যকর থাকবে;
- নিয়োগকৃত শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব-অর্থায়নে পরিচালিত হবে;
- কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না;
- কলেজে নিয়োগকৃত এবং ভবিষ্যতে নিয়োগযোগ্য শিক্ষক এনটিআরসিএ সনদধারী হতে হবে এবং মহিলা কোটা সংরক্ষণ করতে হবে।
- আসন সংখ্যা: বিজ্ঞান ৩০, মানবিক ৫০ এবং ব্যবসায় শিক্ষা ৫০। শিফট: ডে। ভার্শন: বাংলা।
- কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ টাকা) বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না এবং সাধারণ তহবিলে কমপক্ষে ২,০০,০০০/- (দুইলক্ষ টাকা) সব সময় জমা রাখতে হবে।
- শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ/১০এমএ/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ: ১০ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি “নির্দেশিকা” অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করতঃ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- কলেজের জন্য বিধি মোতাবেক কমিটি গঠন করে যথাসময়ে অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে।
- বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি সংক্রান্ত প্রবিধানমালা, ২০০৯ যথাযথভাবে অনুসরণ করতে হবে।
- ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ২৩-০৭-২০২৩ তারিখের প্রজ্ঞাপনের আলোকে উচ্চমাধ্যমিক স্তরের জন্য ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা যৌথনামে (১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/গভর্নিং বডির সভাপতি; ২) জেলা শিক্ষা অফিসার। প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা থাকতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
- কলেজের ১ম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে:
 - পাঠদানের মেয়াদ শেষ হওয়ার কমপক্ষে ০৩ (তিন) মাস পূর্বে ১ম অস্থায়ী স্বীকৃতির জন্য আবেদন করতে হবে।
 - কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট;
 - প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১৫,০০০/- বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে।
- বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২ (সংশোধিত '২৩) অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে।
- উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বা/-

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঁঞা
বিদ্যালয় পরিদর্শক

ও

কলেজ পরিদর্শক (অঃ দাঃ)
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

তারিখ: ২৫-০৪-২০২৪ খ্রি.

প্রধান শিক্ষক

রুস্তম আলী চৌধুরী স্কুল এন্ড কলেজ (১০৯৪৩৫)

গ্রাম + ডাকঘর: গোবরা, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ- ৮১০০

মেমো নং- ১৫১ (৯)

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- মহাপরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা
- পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- জেলা প্রশাসক, গোপালগঞ্জ
- জেলা শিক্ষা অফিসার, গোপালগঞ্জ
- পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
- অফিস কপি

কলেজ পরিদর্শক (অঃ দাঃ)

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা